# ভেবে-চিন্তে জল

▣ সুপর্ণা ভট্টাচার্য্য

জলের মতো খুব সোজা–
তবু এতো সোজা নয়,
একটু ভেবে জল খরচে পরের জীবন সুখের হয়।

যারা ভাবছেন আজকেই তো জীবন–
"কাল কিসনে দ্যাখা",
তবুও দেখি তাই সকল ব্যাংকে ঠিক জমাচ্ছেন
ট্যাকা।

নিজের বাচ্চার ভবিষ্যৎ চিন্তায়–
কি মগ্ন কাকু-কাকী,
সন্তানের সুখের জন্য ধন আগলে রাখছেন
রাশি-রাশি।

সম্পদের কথা ভাবছেন যে শুধু,
টাকা ফেললেই কি সব হয় ?
খাবার জল যে এদিকে ফুরিয়ে যাচ্ছে–
তা কিন্তু সত্যি ভাববার বিষয়।

পৃথিবীর ফুসফুস জ্বলছে,
উষ্ণতা বাড়ছে দিন-দিন ;
সোশাল মিডিয়া ছাড়া বাস্তব জীবনে সকলে
চিন্তাহীন।

অন্যের হয়েছে তা হোক–
আমার তাতে কি !
বলছি দাদা নিশ্চয়ই সমাজের কেউ নন আপনি ?

সংরক্ষণের কথা বললেই খুঁড়ি বলেন–
"উফ্ এসব বইয়ের কথা অসম্ভব বাস্তবে !"
আরে দাদি মনে নেই ?
অবাস্তব স্বাধীনতাকেও একদিন কেমন
এনেছিলাম ঠিক।

ভাবতে গেলে এমন বেশি কিছু নয়,
আগামী প্রজন্মের নিমিত্তে একটু হিসাবী খরচে–
জল সম্পদ আমাদের যাতে অক্ষুন্ন রয়।